



২৪ ফেব্রুয়ারি ২০২৫

সংবাদ বিজ্ঞপ্তি

মেয়েদেরকে উচ্চ শিক্ষা এবং উন্নয়ন প্রক্রিয়ায় সম্পৃক্ত করুন- উপাচার্য আমানুল্লাহ দেশের মেয়েদেরকে উচ্চশিক্ষা এবং উন্নয়ন প্রক্রিয়ায় সম্পৃক্ত করতে সব ধরনের উদ্যোগ গ্রহণের আহ্বান জানিয়েছেন জাতীয় বিশ্ববিদ্যালয় উপাচার্য অধ্যাপক ড. এ এস এম আমানুল্লাহ। আজ ২৪ ফেব্রুয়ারি ২০২৫ সকালে রাজধানীর লালমাটিয়া মহিলা কলেজ কর্তৃক আয়োজিত বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। উপাচার্য বলেন, “নারীদের পদচারণা ছাড়া যেখানে উন্নয়নে গতি আনা কোনোভাবেই সম্ভব নয়, সেখানে একটা দেশের আর্থ-সামাজিক উন্নয়নে নারীদের অংশগ্রহণ এবং উপস্থিতিতে দক্ষিণ এশিয়ায় সবচাইতে পিছিয়ে রয়েছে বাংলাদেশ।” নারীদের উৎপাদনমুখী করে জিডিপি হার উল্লেখযোগ্য পরিমাণে বৃদ্ধি করা সম্ভব বলেও মন্তব্য করেন তিনি।

উপাচার্য আরও বলেন, “সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় নারীদের কার্যকরী অংশগ্রহণ নিশ্চিতকরণ এবং নারীকে রাজনৈতিক ভাবে ক্ষমতায়ন করা ছাড়া সমৃদ্ধির মহাসড়কে চলাচলের ক্ষেত্রে দুর্ঘটনার সম্ভাবনা দেখা দেবে।” এসময় সকল ধরনের উন্নয়ন মূলক কাজে দক্ষতা বৃদ্ধির মাধ্যমে নারীদের অংশগ্রহণ নিশ্চিতকরণে গুরুত্ব দেন উপাচার্য। এ প্রসঙ্গে জাতীয় বিশ্ববিদ্যালয় উপাচার্য আরও উল্লেখ করেন, “বিশ্ববিদ্যালয়ের প্রায় অর্ধেক শিক্ষার্থী নারী। বিশাল এ শিক্ষিত জনগোষ্ঠীকে কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা বিশেষ করে ফ্লিয়ার্সিংয়ের উপর প্রশিক্ষণ দেওয়ার উদ্যোগ জাতীয় বিশ্ববিদ্যালয় ইতোমধ্যে গ্রহণ করেছে।” অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন লালমাটিয়া মহিলা কলেজের অধ্যক্ষ প্রফেসর জাহানারা জামান, সহযোগী অধ্যাপক আইয়ুব আলী, জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের দপ্তরের পরিচালক ও সচিব মোঃ আমিনুল আক্তার, গবেষণা কর্মকর্তা ফয়সাল আলম এবং কলেজের শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তা-কর্মচারী ও সূধীজন।

বার্তা প্রেরক

মোঃ মোস্তাফিজুর রহমান
পরিচালক (ভারপ্রাপ্ত)
জনসংযোগ দপ্তর
জাতীয় বিশ্ববিদ্যালয়